

আল-আনকাবৃত | Al-Ankabut | الْعَنْكُبُوت

আয়াতঃ ২৯ : ৫১

আরবি মূল আয়াত:

أَوْ لَمْ يَكْفِهِمْ أَنَّا أَنْزَلْنَا عَلَيْكَ الْكِتَبَ يُتْلَى عَلَيْهِمْ؟ إِنَّ فِي ذَلِكَ لَرَحْمَةً وَ
ذِكْرًا لِقَوْمٍ يُؤْمِنُونَ ﴿৫১﴾

A | অনুবাদসমূহ:

এটা কি তাদের জন্য যথেষ্ট নয় যে, নিশ্চয় আমি তোমার প্রতি কিতাব নাফিল করেছি, যা তাদের নিকট তিলাওয়াত করা হয়? নিশ্চয় এর মধ্যে রহমত ও উপদেশ রয়েছে সেই কওমের জন্য, যারা ঈমান আনে। — আল-বায়ান

এটা কি তাদের জন্য যথেষ্ট (নির্দর্শন) নয় যে, আমি তোমার প্রতি কিতাব নাফিল করেছি যা তাদের সম্মুখে পাঠ করা হয়, বিশ্বাসী সম্প্রদায়ের জন্য অবশ্যই এতে অনুগ্রহ ও উপদেশ রয়েছে। — তাইসির়ুল

এটা কি তাদের জন্য যথেষ্ট নয় যে, আমি তোমার নিকট কুরআন অবতীর্ণ করেছি যা তাদের নিকট পাঠ করা হয়? এতে অবশ্যই মু'মিন সম্প্রদায়ের জন্য অনুগ্রহ ও উপদেশ রয়েছে। — মুজিবুর রহমান

And is it not sufficient for them that We revealed to you the Book which is recited to them? Indeed in that is a mercy and reminder for a people who believe. — Sahih International

৫১. এটা কি তাদের জন্য যথেষ্ট নয় যে, আমরা আপনার প্রতি কুরআন নাফিল করেছি, যা তাদের কাছে পাঠ করা হয়।(১) এতে তো অবশ্যই অনুগ্রহ ও উপদেশ রয়েছে সে সম্প্রদায়ের জন্য, যারা ঈমান আনে।

(১) অর্থাৎ তিনি নিরক্ষর হওয়া সত্ত্বেও এই যে অপারগকারী কিতাব নিয়ে এসেছেন, যার মোকাবিলা কারও পক্ষে সম্ভব হয়নি, এটাই তো তাদের নির্দর্শনের জন্য যথেষ্ট। এ কিতাবে রয়েছে পূর্ববর্তদের খবর, পরবর্তীদের খবর, তাদের মধ্যে ঘটে যাওয়া ব্যাপারসমূহের সঠিক ফয়সালা। তারপরও তারা কেন নির্দর্শনের জন্য পীড়াপীড়ি করছে? [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৫১) এ কি ওদের জন্য যথেষ্ট নয় যে, আমি তোমার নিকট কুরআন অবতীর্ণ করেছি, যা ওদের নিকট পাঠ করা হয়।[1] এতে অবশ্যই বিশ্বাসী সম্প্রদায়ের জন্য করণা ও উপদেশ রয়েছে। [2]

[1] অর্থাৎ, তারা নির্দর্শন দেখতে চায়। এই কুরআন যা আমি তোমার উপর অবতীর্ণ করেছি এবং যার ব্যাপারে তাদের সাথে চ্যালেঞ্জ করা হয়েছে এই বলে যে, এইরূপ কুরআন তৈরী করে অথবা একটি সূরা তৈরী করে উপস্থাপন কর, সেই কুরআন তাদের জন্য নির্দর্শন হিসাবে যথেষ্ট নয় কি? যখন কুরআনের মু'জিয়া দেখার পরেও তারা কুরআনের প্রতি ঈমান আনছে না, তখন মূসা ও ঈসার মত মু'জিয়া দেখানো হলেও তার উপর তারা কি ঈমান নিয়ে আসবে?

[2] অর্থাৎ, ঐ সকল মানুষের জন্য যারা কুরআনকে আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ কিতাব বলে বিশ্বাস করে। কারণ তারাই তা থেকে লাভবান ও উপকৃত হয়।

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3391>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন